



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
বিবিএ ১ম বর্ষ ভর্তি পরীক্ষা-২০১৯-২০  
ইউনিট-৩ (বাণিজ্য শাখা)  
শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০  
কোটার মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি

২০১৯-২০২০ শিক্ষাবর্ষ ইউনিট-৩ (বাণিজ্য শাখা) স্নাতক (সম্মান) ও বিবিএ প্রথম সেমিস্টার-এ ভর্তির জন্য মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতিনি ও অন্যান্য কোটার ভর্তির জন্য শিক্ষার্থীদের বিভাগভিত্তিক মনোনয়ন দেয়া হয়েছে। শিক্ষার্থীদের নিম্নলিখিত তারিখ অনুযায়ী ভর্তি ফি ও প্রয়োজনীয় সনদপত্রাদি জমা দিয়ে ভর্তি সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ে ভর্তি না হলে তার আসনটি শূন্য বলে বিবেচিত হবে এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন আবেদন বিবেচনা করা হবে না।

মনোনয়নপ্রাপ্ত বিভাগে যে সকল সনদপত্র ও কাগজপত্রাদি জমা দিতে হবে:

ক) পরীক্ষার হলে প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষরিত Admit Card (Admit Card-এ করা পরীক্ষার্থীর স্বাক্ষর আবেদনপত্রের স্বাক্ষরের অনুরূপ হতে হবে)।

খ) SSC/সমমানের পরীক্ষার মূল সনদপত্র ও নম্বরপত্রসহ প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি

গ) HSC/সমমানের পরীক্ষার মূল সনদপত্র/নম্বরপত্র, মূল রেজিস্ট্রেশন কার্ডসহ প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি

ঘ) সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি

বি.দ্র: শিক্ষার্থীকে কোটার সপক্ষে সংশ্লিষ্ট প্রয়োজনীয় ডকুমেন্ট-এর মূলকপি মনোনয়নপ্রাপ্ত বিভাগে নির্ধারিত তারিখে স্বশরীরে উপস্থিত হয়ে জমা দিতে হবে। একজনের ফরম ও কাগজপত্র কোন অবস্থাতেই অন্যজন জমা দিতে পারবে না।

*তালিকাভুক্ত শিক্ষার্থীদের ভর্তি নিম্নের ছক অনুযায়ী সম্পন্ন করতে হবে*

**SureCash** এর মাধ্যমে ভর্তি ফি জমা এবং প্রয়োজনীয় সনদপত্রাদি সংশ্লিষ্ট বিভাগে জমা দেয়ার তারিখ

২৯/১২/২০১৯ থেকে ৩১/১২/২০১৯ সকাল ৯:০০টা থেকে বেলা ৩:০০টা পর্যন্ত

ধন্যবাদান্তে,

(অধ্যাপক ড. মোঃ শওকত জাহাঙ্গীর)  
ডীন, বিজনেস স্টাডিজ অনুষদ, জবি  
এবং  
সমন্বয়কারী, (ইউনিট-৩) (বাণিজ্য শাখা)